

প্রথম অধ্যায়: মানুষের দেহ, মন ও আত্মা

১. শ্রেণিকক্ষে শিক্ষক 'ঈশ্বর' এর সৃষ্টি সম্পর্কে আলোচনা করছেন।
তিনি মানুষকে কী কী দিয়ে সৃষ্টি করেছেন?

- (ক) দেহ, বায়ু ও পানি (খ) আত্মা, আগুন ও মন
(গ) দেহ, মন ও আত্মা
(ঘ) মন, বায়ু ও পানি

২. দেহ, মন ও আত্মা এই তিনটি মিলে একজন মানুষ। এই তিনটি
সম্পর্কে কে অবগত আছেন?

- (ক) মানুষ (খ) দেবতা (গ) ঈশ্বর (ঘ) সবাই

শিখনফল: আত্মা ও মন সম্পর্কে জানবে।

৩. তুমি তোমার বন্ধুর হাত স্পর্শ করতে পার। কিন্তু কোনটি স্পর্শ
করতে পার না?

- (ক) চোখ (খ) কপাল
(গ) চুল (ঘ) মন

৪. মানুষ চিন্তা, পরিকল্পনা, পড়াশুনা, পরামর্শ, আবিষ্কার ইত্যাদি
করতে পারে। এসব কাজ মানুষ কী দিয়ে করে?

- (ক) দেহ (খ) শক্তি
(গ) মন (ঘ) অর্থ

শিখনফল: আত্মা ও ঈশ্বরের সম্পর্ক ব্যাখ্যা করতে পারবে।

৫. তোমার ভেতর এমন কিছু আছে, যা অমর এবং মৃত্যুর পর তা
ঈশ্বরের কাছে চলে যাবে। এটি কী?

- (ক) আত্মা (খ) মন (গ) দেহ (ঘ) রক্ত

শিখনফল: ঈশ্বর সবকিছু দেখাশুনা ও পরিচালনা করেন, তা জানবে।

৬. আমরা এমন পাপ করি যে সম্পর্কে নিজেরা ছাড়া আর কেউ
জানে না— [প্র.শি.স.প. ২০১৫]

- (ক) ঈশ্বর সে পাপ দেখছেন
(খ) গোপন পাপের কোনো শাস্তি নেই
(গ) ঈশ্বর শীঘ্রই সে পাপের কথা ভুলে যাবেন
(ঘ) আমরা শীঘ্রই সে পাপের কথা ভুলে যাব

৭. যারা স্রষ্টাকে বিশ্বাস করে তাদের দ্বারা কোনো পাপ কাজ করা
সম্ভব নয়। কারণ— [প্র.শি.স.প. ২০১৫]

- (ক) তারা জানেন যে স্রষ্টা সবকিছু দেখছেন

(খ) পাপ করা সকলের জন্য লজ্জাকর

(গ) স্রষ্টা পাপীদের ঘৃণা করেন

(ঘ) স্রষ্টা পাপীদের শাস্তি দেন

৮. তুমি গোপনে তোমার ভাইয়ের একটি পেমিল নিয়ে নিলে। এ ঘটনাটি কে দেখলেন?

(ক) জাম্মা

(খ) আব্বু

(গ) ঈশ্বর

(ঘ) যোহন

শিখনফল: ঈশ্বর সর্বশক্তিমান ও মহান স্রষ্টা বলে তাঁর প্রতি অনুগত থাকবে।

৯. আত্মা হলো অবিদ্বন্দ্ব। এর কোনো বিনাশ নেই। এর শক্তি দিয়ে মানুষ কী করতে পারে?

(ক) অর্থ উপার্জন করতে পারে

(খ) শিক্ষা অর্জন করতে পারে

(গ) ঈশ্বরের উপস্থিতি দেখতে পারে

(ঘ) কৌশল অবলম্বন করতে পারে

১০. মানুষ ঈশ্বরের উপস্থিতি দেখতে পারে। এটি সম্ভব হয় কিসের মাধ্যমে?

(ক) দেহের

(খ) মনের

(গ) আত্মার

(ঘ) চোখের

১১. ঈশ্বরকে ভালোবাসা সকল মানুষের জন্য আবশ্যিক। তাঁকে ভালোবাসতে হলে তুমি কী করবে?

(ক) সকল মানুষকে ভালোবাসবে

(খ) শুধু বন্ধুদের ভালোবাসবে

(গ) শুধু ভাই-বোনদের ভালোবাসবে

(ঘ) শুধু গুরুজনদের ভক্তি করবে

১২. 'ঈশ্বর সর্বশক্তিমান'। এখানে 'সর্বশক্তিমান' কথাটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?

(ক) যে নিজের শক্তি দ্বারা সবই করতে পারেন

(খ) যে অন্যের শক্তি দ্বারা সবই করতে পারেন

(গ) যে ঈশ্বরের শক্তি দ্বারা সবই করতে পারেন

(ঘ) যে দেবতাদের শক্তি দ্বারা সবই করতে পারেন

শিখনফল: ঈশ্বরের প্রতি ভক্তি ও শ্রদ্ধা প্রদর্শন করবে।

১৩. আমরা সকলেই ঈশ্বরকে ভক্তি ও শ্রদ্ধা করি। তাঁর প্রতি ভক্তি ও শ্রদ্ধা আমরা কী উপায়ে দেখাতে পারি?

- ক) প্রতিদিন নিয়মিত শরীর চর্চা করে
- খ) প্রার্থনার মাধ্যমে ঈশ্বরের প্রশংসাকীর্তন করে
- গ) খুব বুদ্ধিমানের মতো কথা বলে
- ঘ) বন্ধুদের প্রশংসা করে

খ

শিখনফল: দেহ, মন ও আত্মার দ্বারা মানুষ সৃষ্টির জন্য প্রশংসা করবে।

১৪. তোমাকে ঈশ্বর দেহ, মন ও আত্মা দ্বারা সৃষ্টি করেছেন। এখন্য তুমি ঈশ্বরের জন্য কী করবে?

- ক) শ্রদ্ধা
- খ) উচ্চাকাঙ্ক্ষা
- গ) প্রশংসা
- ঘ) সেবা

ক

শিখনফল: আত্মা ও মনের সম্পর্ক ব্যাখ্যা করতে পারবে।

১৫. দেহ, মন ও আত্মা এই তিনটি মিলে একজন মানুষ। এগুলোর মধ্য থেকে কোনটি বিচ্ছিন্ন হলে মনের আর অস্তিত্ব থাকবে না?

- ক) দেহ
- খ) মন
- গ) আত্মা
- ঘ) মাথা

গ

শিখনফল: ঈশ্বর সর্বত্র বিরাজমান সম্পর্কে জানবে।

১৬. ঈশ্বর সর্বশক্তিমান। তিনি আমাদের সৃষ্টিকর্তা। তোমার মতে তিনি কোথায় থাকেন? [প্র.শি.স.প. ২০১৫]

- ক) একই স্থানে
- খ) মানুষের শরীরে
- গ) আকাশের উপরে
- ঘ) সব জায়গায়

ঘ

১৭. মানুষ স্রষ্টার শ্রেষ্ঠ সৃষ্টি। কারণ, মানুষের আছে—

[প্র.শি.স.প. ২০১৫]

- ক) অর্থ ও সম্পদ
- খ) শক্তি ও ক্ষমতা
- গ) পিতা-মাতা ও পরিবারের দৃঢ় বন্ধন
- ঘ) জ্ঞান, মেধা এবং অন্যায়বোধ

ঘ

শিখনফল: মানুষের শ্রেষ্ঠত্ব সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে।

১৮. সকল প্রাণীর মধ্যে মানুষ শ্রেষ্ঠ। তোমার মতে মানুষের কোনটি না থাকলে মানুষও অন্য প্রাণীর মত হয়ে যেত।

- ক) মাথা
- খ) মন
- গ) পা
- ঘ) বুদ্ধি

ঘ

শিখনফল: মানুষ সর্বশ্রেষ্ঠ সম্পর্কে জানবে।

১৯. সকল প্রাণীর মধ্যে মানুষ শ্রেষ্ঠ। এর কারণ হলো—

[প্র.শি.স.প. ২০১৫]

- ক) মানুষ দেখতে সুন্দর
- খ) মানুষ কথা বলতে পারে
- গ) ঈশ্বর মানুষকে মর্যাদাবান করেছেন
- ঘ) মানুষের বুদ্ধি আছে

২০. ঈশ্বর কোনো কিছু সৃষ্টি করতে চাইলে— [প্রা.শি.স.প. ২০১৩]

- ক) স্বর্গীয় দূতদের বলেন তা তৈরি করতে
- খ) শুধু সৃষ্টি হতে বলেন এবং তা হয়ে যায়
- গ) নিজ হাতে তা সৃষ্টি করেন
- ঘ) একটি সৃষ্টি ধ্বংস করে অপর সৃষ্টি করতে হয়

২১. একজন মানুষকে আশ্রিতভাবে সুস্থ বলা যাবে যদি—

[প্রা.শি.স.প. ২০১৬, ২০১৩]

- ক) তিনি অসুস্থ না হন
- খ) তার কোনো রোগ না থাকে
- গ) সব সময় তিনি হাসি-খুশি থাকেন
- ঘ) তার দেহ, মন ও আত্মার সমন্বয় থাকে

২২. আমাদের দেহ, মন ও আত্মার কাজ কখন হয়?

- ক) নরকে গেলে
- খ) তিনটি একত্রিত হলে
- গ) সব সময়
- ঘ) স্বর্গে গেলে

২৩. কয়টি বিষয় একসাথে আছে বলেই আমরা বেঁচে আছি?

- ক) ৫টি
- খ) ৪টি
- গ) ৩টি
- ঘ) ২টি

২৪. নিচের কোনটিকে আমরা স্পর্শ করতে পারি?

- ক) মন
- খ) আত্মা
- গ) দেহ
- ঘ) ঈশ্বর

২৫. নিচের কোনটির বুদ্ধি আছে?

- ক) মানুষ
- খ) জড়বস্তু
- গ) গাছপালা
- ঘ) পশু-পাখি

২৬. স্রষ্টার শ্রেষ্ঠ সৃষ্টি হলেন— [প্রা.শি.স.প. ২০১৩]

- ক) শিক্ষকগণ
- খ) মানবজাতি
- গ) স্বর্গদূতগণ
- ঘ) সাধুগণ

২৭. যীশু খ্রিষ্ট কে?

- ক) একজন মানুষ
- খ) দেবতা
- গ) একজন সন্ন্যাসী
- ঘ) ঈশ্বরের পুত্র